

## 📘 আল-ফুরকান | Al-Furgan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫:৫৯

## **া** আরবি মূল আয়াত:

الَّذِي خَلَقَ السَّمٰوٰتِ وَ الأرضَ وَ مَا بَينَهُمَا فِي سِتَّةِ اَيَّامٍ ثُمَّ استَوٰى عَلَى العَرشِ اَلرَّحمٰنُ فَسئَل بِهِ خَبِيرًا ﴿٥٩﴾

## 

যিনি আসমান, যমীন ও উভয়ের মধ্যবর্তী সবকিছু ছয় দিনে সৃষ্টি করেছেন। তারপর তিনি আরশে উঠেছেন। পরম করুণাময়। স্তরাং তাঁর সম্পর্কে যিনি সম্যুক অবহিত, তুমি তাকেই জিঞ্জাসা কর। — আল-বায়ান

তিনি আসমান, যমীন আর এ দু'য়ের ভিতরে যা আছে তা ছ'দিনে (ছ'টি সময় স্তরে) সৃষ্টি করেছেন, অতঃপর আরশে সমুন্নত হয়েছেন। তিনিই রাহমান, কাজেই তাঁর সম্পর্কে তাকে জিজ্ঞেস কর যে এ সম্পর্কিত জ্ঞান রাখে।

— তাইসিকল

তিনি আকাশমন্ডলী, পৃথিবী এবং ওগুলির মধ্যবর্তী সমস্ত কিছু ছয় দিনে সৃষ্টি করেন; অতঃপর তিনি আরশে সমাসীন হন; তিনিই রাহমান। তাঁর সম্বন্ধে যে অবগত আছে তাকে জিজ্ঞেস করে দেখ। — মুজিবুর রহমান

He who created the heavens and the earth and what is between them in six days and then established Himself above the Throne - the Most Merciful, so ask about Him one well informed. — Sahih International

৫৯. তিনি আসমানসমূহ, যমীন ও এ দুয়ের মধ্যবর্তী সবকিছু ছয় দিনে সৃষ্টি করেন; তারপর তিনি আরশের উপর উঠলেন। তিনিই রাহমান, সুতরাং তাঁর সম্বন্ধে যে অবহিত তাকে জিজ্ঞেস করে দেখুন।

তাফসীরে জাকারিয়া

(৫৯) তিনি আকাশমন্ডলী, পৃথিবী ও ওদের মধ্যবর্তী সমস্ত কিছু ছয় দিনে সৃষ্টি করেছেন; অতঃপর তিনি আরশে আরোহণ করেন। তিনিই দয়াময়, তাঁর সম্বন্ধে যে অবগত আছে তাকে জিজ্ঞাসা করে দেখ।

তাফসীরে আহসানূল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2914

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন